



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

### ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮

#### ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

১. সকল ইউনিট এর সিট প্ল্যান প্রকাশ করা হয়েছে। প্রার্থীরা নিজ নিজ ওয়েবসাইটে লগইন করে অথবা প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এস.এম.এস. এর মাধ্যমে নিজ নিজ আসনের অবস্থান জানতে পারবে। সিট প্ল্যান দেখার আগে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

২. প্রত্যেক পরীক্ষার্থীর দুই কপি প্রবেশপত্র, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ভর্তি পরীক্ষার দিন অবশ্যই সংগে নিয়ে আসতে হবে।

৩. পরীক্ষার্থীরা পরীক্ষার হলে সাধারণ মানের (মেমরী অপশন ব্যতীত) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। পরীক্ষার হলে প্রার্থীর মোবাইল ফোন, Calculator with Memory Option, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম বা যে কোন ধরনের Device সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

৪. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অতীতের ন্যায় বিধিবদ্ধ নিয়মনীতি কঠোরভাবে অনুসরণপূর্বক অত্যন্ত গোপনীয়তা ও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে প্রশ্নপত্র প্রণয়নসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা করছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকসহ অন্যকোন মাধ্যমে যে কোন ধরনের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য ভর্তি পরীক্ষার্থী ও তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

৫. ভর্তি পরীক্ষায় কারো বিরুদ্ধে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে কর্তব্যরত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

৬. পরীক্ষার্থীদের সঙ্গে আগত অভিভাবকবৃন্দকে নিরাপত্তার স্বার্থে তাঁদের জাতীয় পরিচয়পত্র অথবা নিজস্ব পরিচয়পত্র (যদি থাকে) সার্বক্ষণিক সঙ্গে রাখার জন্য অনুরোধ করা হলো।

বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (<http://admission.eis.cu.ac.bd>) –এ পাওয়া যাবে।

আদেশক্রমে-

স্বাক্ষরিত-

(এস. এম. আকবর হোছাইন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার অফিস

ও সচিব, ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৫৫৫৫৫৫৫১৫৭